গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
তথ্য ও অভিযোগ শাখা
www.gazipur.gov.bd

**তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির ফেব্রুয়ারী/ ২০২৪ মাসের সভার কার্যবিবরণী:**

সভাপতি : আবুল ফাতে মোহাম্মদ সফিকুল ইসলাম, জেলা প্রশাসক, গাজীপুর
সভার তারিখ : ১৮ ফেব্রুয়ারী ২০২৪
সময় : দুপুর ১২.০০ ঘটিকা
স্থান : ভাওয়াল সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সহকারী কমিশনার, তথ্য ও অভিযোগ শাখা, গাজীপুর ২০ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাসহ এ জেলায় তথ্য অধিকার বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯, তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা প্রবিধানমালা ২০১০, তথ্য প্রকাশ ও প্রচার বিধিমালা, ২০১০ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯, তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা প্রবিধানমালা ২০১০, সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারি/ বেসরকারি বিভিন্ন সভা/ সেমিনার/ সমাবেশে তথ্য অধিকার সংক্রান্ত বিষয়ের উপর আলোচনা করতে হবে। | দপ্তর প্রধান (সকল), গাজীপুর |
| ০২ | স্ব স্ব কার্যালয়ে তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্মকর্তা নিয়োগকরণ এবং তাদের নাম, পদবিসহ অন্যান্য তথ্যাদি স্ব স্ব ওয়েবসাইট/ বিলবোর্ড/ নোটিশ বোর্ডে প্রকাশ ও হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। | স্ব স্ব কার্যালয়ে বা প্রত্যেক দপ্তরের তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্মকর্তা নিয়োগকরণ এবং তাদের নাম, পদবিসহ অন্যান্য তথ্য স্ব স্ব ওয়েবসাইট/ বিলবোর্ড/ নোটিশ বোর্ডে প্রকাশ ও হালনাগাদ করার বিষয়ে সকল দপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ওয়েবপোর্টাল হালনাগাদকরণের কাজে জেলার দপ্তরসমূহকে অত্র কার্যালয়ে সংযুক্ত প্রোগ্রামার (চলতি দায়িত্ব) এবং উপজেলার দপ্তরসমূহকে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সংযুক্ত সহকারী প্রোগ্রামার কারিগরি সহায়তা প্রদান করবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর<br>২। দপ্তর প্রধান (সকল), গাজীপুর (জেলা ও উপজেলা পর্যায়)<br>৩। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), সংযুক্ত-জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর<br>৪। সহকারী প্রোগ্রামার (সকল), গাজীপুর |
| ০৩ | স্ব স্ব কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশযোগ্য তথ্য স্বপ্রণোদিতভাবে আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। সবাইকে সর্বশেষ তথ্য ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশনা প্রদান করা হয়। আইনের যথাযথ অনুসরণের বিষয়ে সভায় আলোচনা হয়। তথ্য অধিকার আইন অনুযায়ী আইনের যথাযথ অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করার জন্য উপস্থিত সবাইকে নির্দেশনা প্রদান করা হয়। | তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করার জন্য উপস্থিত সবাইকে তাগিদ প্রদান করতে হবে এবং সকল দপ্তরে মাসভিত্তিক কতটি আবেদন পাওয়া যায় ও কতটি নিষ্পত্তি করা হয় তার তালিকা মাসওয়ারী সংগ্রহ করতে হবে। এছাড়াও তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে সভার কার্যবিবরণী এবং সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি তথ্য কমিশনে প্রেরণ করতে হবে। সরকারের যে কোন উন্নয়নমূলক প্রকল্পের কাজের সর্বশেষ অগ্রগতির প্রতিবেদন ও ছবি স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। তথ্য অধিকার আইন অনুযায়ী প্রদানযোগ্য তথ্য হলে আবেদনকারীকে সংশ্লিষ্ট তথ্য সরবরাহের ক্ষেত্রে কোন ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর<br>২। দপ্তর প্রধান (সকল), গাজীপুর (জেলা ও উপজেলা পর্যায়)<br>৩। সহকারী কমিশনার (তথ্য ও অভিযোগ শাখা) |
| ০৪ | তথ্য অধিকার বিষয়ক জনঅবহিতকরণ সভা আয়োজন সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। স্ব স্ব কার্যালয়ের কর্তৃপক্ষ কর্তৃক তথ্য অধিকার বিষয়ক জনঅবহিতকরণ সভা আয়োজনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। সভার কার্যপত্র স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। তথ্য অধিকার সংক্রান্ত ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবা বক্সে আপলোড করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর<br>২। দপ্তর প্রধান (সকল), গাজীপুর (জেলা ও উপজেলা পর্যায়) |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | ৩৩৩-সম্পর্কিত বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। সরকারি সেবা গ্রহণের নিমিত্ত ৩৩৩ সম্পর্কে জনসাধারণকে অবহিত করতে হবে।<br>২। স্ব স্ব কার্যালয়ে '৩৩৩ এ কল দিন, সরকারি সেবা নিন' লিখিত বিলবোর্ড নির্মাণ/ দেয়ালিকা তৈরির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর<br>২। দপ্তর প্রধান (সকল), |
| ০৬ | তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদ-করণের গুরুত্বের বিষয়ে সভাকে অবহিত করা হয়। | তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ অর্থাৎ কর্মপরিকল্পনা দ্রুততম সময়ে তৈরি/ হালনাগাদ করতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল), গাজীপুর (জেলা ও উপজেলা পর্যায়) |
| ০৭ | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। মহানগর, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে ব্যাপক প্রচারণার বিষয়ে সভায় আলোচনা হয়। | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে সেবাগ্রহীতা ও জনসাধারণের মাঝে সচেতনতা বৃদ্ধি করতে হবে। এক্ষেত্রে অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহারে উদ্যোগী হতে হবে। মহানগর, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ব্যাপক প্রচারণার জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর<br>২। দপ্তর প্রধান (সকল), গাজীপুর (জেলা ও উপজেলা পর্যায়) |
| ০৮ | সকল দপ্তরে সিটিজেন চার্টার হালনাগাদকরণ ও ওয়েবপোর্টালে প্রদর্শন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ের সকল কার্যালয়ের সিটিজেন চার্টার হালনাগাদ এবং ওয়েবপোর্টালে প্রদর্শন নিশ্চিত করতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল), গাজীপুর (জেলা ও উপজেলা পর্যায়) |

জনগণের তথ্য প্রাপ্তির অধিকার বাস্তবায়নে সরকারি সকল নির্দেশনা প্রতিপালনে উপস্থিত সকলকে সচেষ্ট থাকার আহ্বান জানানো হয়। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:/ ২৭/০২/২০২৪

আবুল ফাতে মোহাম্মদ সফিকুল ইসলাম
জেলা প্রশাসক
ফোন: ০২-৪৯২৭৩০৭০
ফ্যাক্স: ০২-৪৯২৭৩০২২
ই-মেইল: dcgazipur@gmail.com

স্মারক নং: ০৫.৪১.৩৩০০.০২৪.০৩.০০২.১৯- ২৩

তারিখ: ১৪ ফাল্গুন ১৪৩০ / ২৭ ফেব্রুয়ারী ২০২৪

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ
৫। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ/ প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
৬। পুলিশ সুপার, গাজীপুর
৭। সিভিল সার্জন, গাজীপুর
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাজীপুর
৯। উপপরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব ও এলএ/ শিক্ষা ও আইসিটি/ উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর
১১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর
১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা......................................শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
১৩। দপ্তর প্রধান (সকল), গাজীপুর
১৪। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গাজীপুর সংযুক্ত-জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
১৫। সহকারী প্রোগ্রামার (সকল), গাজীপুর
১৬। অফিস কপি।

২৭/০২/২০২৪

ওয়াদিয়া শাবাব
সিনিয়র সহকারী কমিশনার
তথ্য ও অভিযোগ শাখা